গবেষণা সেল

# মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল-১৯০২, ফোন-০৯২১-৬২৪০৪।

সূত্রঃ মাভাবিপ্রবি/গবেষণা সেল/২০২৫-২০২৬অর্থ ব./৩৭/২০২৫ তারিখঃ ০৩-১১-২০২৫

## মাভাবিপ্রবি'র পিএইচডি ফেলোশিপ বিজ্ঞপ্তি

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (মাভাবিপ্রবি) পিএইচডি ডিগ্রির জন্য গবেষণাধর্মী মাভাবিপ্রবি পিএইচডি ফেলোশিপ - ২০২৫ (জুলাই-ডিসেম্বর) এবং ২০২৬ (জানুয়ারি-জুন) এর জন্য আবেদন গ্রহন করা হচ্ছে। আগ্রহী প্রার্থীদের আগামী ১০ নভেম্বর ২০২৫ তারিখের মধ্যে নির্ধারিত আবেদনপত্র যথাযথভাবে পুরণ করে রিসার্চ সেল অফিসে জমা দিতে হবে।

**আবেদনপত্রের সংঙ্গে প্রয়োজনীয় সংযুক্তিঃ**

- পিএইচডি প্রোগ্রামে ভর্তির প্রমানপত্র,
- সকল একাডেমিক সার্টিফিকেটের অনুলিপি,
- পাসপোর্ট সাইজ ছবি দুই (২) কপি এবং
- গবেষণা প্রস্তাবনা (Research Proposal) যা সুপারভাইজার কর্তৃক স্বাক্ষরিত হতে হবে।

**পিএইচডি ফেলোশিপ প্রোগ্রামে আবেদনের যোগ্যতা ও শর্তাবলীঃ**

১. যে সকল পিএইচডি গবেষক মাভাবিপ্রবি'র পিএইচডি ভর্তির নীতিমালা অনুযায়ী পূর্ণকালীন পিএইচডি গবেষক হিসেবে ভর্তি হয়েছেন মর্মে প্রতীয়মান হবে, কেবলমাত্র সে সকল পিএইচডি গবেষকগণই উক্ত ফেলোশিপের জন্য আবেদন করতে পারবেন।

২. আবেদনকারীদের সুপারভাইজার প্যানেলের অনুমোদন থাকতে হবে এবং এই মর্মে নিশ্চিত করতে হবে যে উক্ত গবেষক অন্য কোন উৎস থেকে ফেলোশিপ নিচ্ছেন না।

৩. পূর্ণকালীন শিক্ষার্থী হিসেবে সেমিনার, ল্যাবরেটরি এবং গবেষণাকর্মে নিবেদিত হতে ফেলোশিপ প্রদানের করা হবে। চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে শুধুমাত্র শিক্ষা ছুটি প্রাপ্ত পিএইচডি গবেষকরাই ছুটিকালীন সময়ের জন্য ফেলোশিপের জন্য বিবেচিত হবেন এবং সপ্তাহে অন্তত ১০ (দশ) ঘন্টা টিচিং অ্যাসিস্ট্যান্ট হিসেবে কাজ করতে হবে।

৪. ফেলোশিপ প্রাপ্ত গবেষকগণ প্রতি তিন মাস অন্তর তাদের পিএইচডি গবেষণার অগ্রগতির রিপোর্ট রিসার্চ সেলে জমা দিতে হবে। সুপারভাইজারের অনুমোদিত রিপোর্ট এবং বিভাগীয় প্রধানের প্রত্যয়ন সংযুক্ত করতে হবে।

৫. একাডেমিক রেকর্ডের ভিত্তিতে সাথে গবেষণার অগ্রগতি এবং প্রকল্পের প্রাসঙ্গিকতা ফেলোশিপ প্রদানে গুরুত্ব পাবে।

৬. ফেলোশিপ প্রাপ্ত শিক্ষার্থীকে গবেষণা সংক্রান্ত যে কোনো প্রকাশনা বা রিপোর্টে মাভাবিপ্রবির নাম ও রিসার্চ সেলের অবদান উল্লেখ করতে হবে।

৭. ফেলোশিপের মেয়াদ এক বছরের জন্য প্রযোজ্য, তবে সন্তোষজনক অগ্রগতির ভিত্তিতে অনুমোদনক্রমে পরবর্তী বছরের জন্য ফেলোশিপ বর্ধিত করা যেতে পারে।

৮. নীতিমালা অনুযায়ী ফেলোশিপ বাতিল হতে পারে, যদি প্রার্থী গবেষণায় অনিয়ম করেন বা অগ্রগতি প্রতিবেদন জমা না দেন।

৯. মূল্যায়ন ফলাফলের ভিত্তিতে প্রয়োজনীয় সিদ্ধান্তগ্রহণ করে ফেলোশিপ বাতিল হতে পারে।

**ফেলোশিপের মেয়াদ ও আর্থিক সুবিধাঃ**

- সর্বোচ্চ ৩ (তিন) বছর। নির্ধারিত সময়সীমার মধ্যে পিএইচডি সম্পন্ন করতে ব্যর্থ হলে অতিরিক্ত সময়ের জন্য ফেলোশিপ প্রদান করা হবে না।
- মাসিক ফেলোশিপ ভাতা ৪০,০০০.০০ (চল্লিশ হাজার) টাকা।
- অর্থবরাদ্দ কমিটির সুপারিশে ফেলোশিপ এর হার কম বা বেশী হতে পারে।

বিস্তারিত তথ্য ও আবেদন ফরমের জন্য মাভাবিপ্রবি রিসার্চ সেল ওয়েবসাইট (https://mbstu.ac.bd/research-cell/) ভিজিট করুন।

০৩/১১/২৫

(প্রফেসর ড. মোস্তফা কামাল নাসির)
পরিচালক
গবেষণা সেল
মাভাবিপ্রবি।
E-mail: researchcell@mbstu.ac.bd

**বিতরণ (জ্ঞাতার্থে/কার্যার্থে)ঃ**

০১। ডিন,ইঞ্জিনিয়ারিং/লাইফ সায়েন্স/ সায়েন্স/ বিজনেস স্টাডিজ/ সামাজিক বিজ্ঞান/ কলা/ভেটেরিনারি মেডেসিন এন্ড এ্যানিম্যাল সায়েন্স অনুষদ, মাভাবিপ্রবি।
০২। চেয়ারম্যান, সিএসই, আইসিটি, টিই, এমই, ইএসআরএম, সিপিএস, এফটিএনএস, বিজিই, ফার্মেসী, বিএমবি, বিপিটিআর, রসায়ন, পদার্থবিজ্ঞান, গণিত, পরিসংখ্যান, অর্থনীতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা ও ইংরেজি বিভাগ, মাভাবিপ্রবি।
০৩। পরিচালক, আইসিটি সেল, মাভাবিপ্রবি। (ওয়েব সাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থার অনুরোধসহ)
০৪। পরিচালক (হিসাব), হিসাব অফিস, মাভাবিপ্রবি।
০৫। পিএস টু ভাইস-চ্যান্সেলর, ভাইস-চ্যান্সেলর অফিস, মাভাবিপ্রবি। (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৬। উপ-রেজিস্ট্রার, রেজিস্ট্রার অফিস, মাভাবিপ্রবি। (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৭। নথি।

H:\My Drive\RAFIQUE\Research Cell\37 Project 2025-2026\Ph.D Sch. Notice\Publications Letter.doc